গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৫৯৬/২২ তারিখ : ২৯-০৬-২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : রাজস্ব খাতভুক্ত বৃত্তি/উপবৃত্তির তথ্য এন্ট্রির ক্ষেত্রে MIS সফটওয়্যারে প্রতিষ্ঠানের পাসওয়ার্ড পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৪৪১, তারিখ : ২৩-০৫-২০২২ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তির অর্থ জিটুপি পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান হতে এন্ট্রি করা হয়। কিন্তু প্রতিষ্ঠান User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ না করায় প্রতারক চক্র কর্তৃক শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নম্বরের পরিবর্তে ভিন্ন হিসাব নম্বর এন্ট্রি করে বৃত্তির অর্থ আত্মসাৎ করার সম্ভাবনা থাকতে পারে। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠানসমূহের Password পরিবর্তনের জন্য মাঠ পর্যায়ে সূত্রোস্থ স্মারকে পত্র জারি করা হয়। কিন্তু কিছু সংখ্যক প্রতিষ্ঠান অদ্যাবধি MIS সফটওয়্যারে তাদের Password পরিবর্তন করেনি।

এমতাবস্থায়, পত্র জারির ০২ (দুই) কর্মদিবসের মধ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করে Password পরিবর্তন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

MIS সফটওয়্যারে প্রতিষ্ঠানের Password পরিবর্তন ও সংরক্ষণের ক্ষেত্রে নির্দেশাবলী :

০১. প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ মেধাবৃত্তির সফটওয়্যারের পাসওয়ার্ড ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা ও গোপনীয়তা রক্ষা করবেন;
০২. প্রতিবার এন্ট্রি কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;
০৩. এন্ট্রি কার্যক্রম চলমান না থাকলেও প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;
০৪. প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিকৃত তথ্য (বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর নাম ও হিসাব নম্বর ইত্যাদি) সময় সময় সঠিক আছে কিনা তা নিশ্চিত করবেন;
০৫. পূর্বে এন্ট্রিকৃত তথ্যের ক্ষেত্রে ব্যাংক হিসাবধারীর নাম ও হিসাব নম্বর সংক্রান্ত কোনো ধরনের গড়মিল পরিলক্ষিত হলে তা সংশোধনপূর্বক তাৎক্ষণিকভাবে মাউশি অধিদপ্তর এবং SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
০৬. User ID, Password ও তথ্যের গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণের লক্ষ্যে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য আবশ্যিকভাবে নিজ প্রতিষ্ঠানের কম্পিউটার হতে MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে;
০৭. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে কোন শিক্ষার্থীকে দায়িত্ব দেয়া যাবে না বা শিক্ষার্থীকে User ID ও Password প্রদান করা যাবে না;
০৮. User ID ও Password এর গোপনীয়তা রক্ষার স্বার্থে কোন অবস্থায় নিজ প্রতিষ্ঠানের কম্পিউটার ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান/কম্পিউটার দোকান হতে তথ্য এন্ট্রি করা যাবে না;
০৯. সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেইসবুক, হোয়াটস এ্যাপ, মেসেঞ্জার ইত্যাদি) বৃত্তির MIS সফটওয়্যারের User ID ও Password প্রকাশ করা যাবে না এবং
১০. এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা যাচাইয়ের জন্য বিগত ০২/০৩/২০২২ তারিখে মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০ পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।

উল্লিখিত নির্দেশনা অনুসরণ না করার ফলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ অন্য ব্যক্তির হিসাব নম্বরে প্রেরিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দায়ী থাকবেন। বিষয়টি অতীব জরুরি বিধায় দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৯/০৬/২২
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিষ্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১১. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৩. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১৪. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
"[রাজস্ব খাতভুক্ত বৃত্তি/উপবৃত্তির তথ্য এন্ট্রির ক্ষেত্রে MIS সফটওয়্যারে প্রতিষ্ঠানের পাসওয়ার্ড পরিবর্তন]"- শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৯. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২০. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২১. সংরক্ষণ নথি